

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৭৯

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - মক্কায় প্রবেশ করা ও তাওয়াফ প্রসঙ্গে

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: ﴿إِنَّ الرُّكْنَ وَالْمَقَامَ يَاقُوتَانِ مِنْ يَاقُوتِ الْجَنَّةِ طَمَسَ اللَّهُ نورَهما وَلَو لَم يَطْمِسْ نورَهما لأضاءا مَا بِينَ المشرقِ والمغربِ» . رَوَاهُ التِّرْمِذِي

#### বাংলা

২৫৭৯-[১৯] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, হাজারে আসওয়াদ ও মাকামে ইব্রাহীম জান্নাতের ইয়াকূতসমূহের মধ্যে দু'টি ইয়াকূত। আল্লাহ এদের নূর (আলো) দূর করে দিয়েছেন। যদিও এ দু'টির নূর (আলো) আল্লাহ তা'আলা দূর করে না দিতেন। তবে এরা পূর্ব ও পশ্চিম দিগন্তের মধ্যে যা আছে তাকে আলোকময় করে দিতো। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ৮৭৮, আহমাদ ৭০০০, সহীহ আল জামি' ১৬৩৩, সহীহ আত্ তারগীব ১১৪৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: মাকামে ইব্রাহীমকে সালাতের স্থান বানানোর জন্য কুরআনুল কারীমে আল্লাহ তা'আলা নির্দেশ এসেছে, وَاتَّخِذُوْا مِنْ مِّقَامِ إِبْرَاهِيْمَ مُصَلًّى সুতরাং তাওয়াফের পর মাকামে ইব্রাহীমের নিকট দু' রাক্'আত সালাত (সালাত/নামাজ/নামায) আদায় করবে। যদি ভীড়ের কারণে তৎক্ষণিকভাবে তার নিকট পড়তে না পারে তাহলে যেখানে সম্ভব সেখানে আদায় করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=57139}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন